



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

*Ref:*

*Date: ১৬ ডিসেম্বর ২০১৯*

প্রেস বিজ্ঞপ্তি

## মহালছড়িতে সন্ত্রাসী হামলার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ সোমবার ১৬ ডিসেম্বর ২০১৯ এক বিবৃতিতে জেলার মহালছড়ি উপজেলাধীন মাইসছড়ি ইউনিয়নের ডেপ্লোছড়ি গ্রামে স্বপন চাকমা (৩৪) নামে এক গ্রামবাসীর উপর সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ঘটনার জন্য একটি বিশেষ মহলের লেলিয়ে দেয়া সশস্ত্র সন্ত্রাসীদের দায়ি করে তিনি বলেন, গত ১৪ ডিসেম্বর শনিবার সকাল পৌনে ৭টার দিকে আপন চাকমার নেতৃত্বে ৯ জন সন্ত্রাসী যতিন্দ্র চাকমার ছেলে স্বপন চাকমার বাড়ি লক্ষ্য করে এলোপাথাড়ি ৪০-৫০ রাউন্ড গুলি চালায়। এ সময় তিনি দৌঁড়ে পালিয়ে গিয়ে কোন মতে প্রাণে রক্ষা পান।

ঘটনার পর স্বপন চাকমা, তার স্ত্রী তপনা চাকমা, ৩ বছরের ছেলে পোতপোত্যা চাকমা ও মেয়ে বন্দনা চাকমা ভয়ে এলাকা ছাড়তে বাধ্য হয়েছেন বলে অংগ্য মারমা জানিয়েছেন।

ইউপিডিএফ নেতা অবিলম্বে বিশেষ কায়েমী স্বার্থায়েমী মহল কর্তৃক সন্ত্রাসীদের মদদদান বন্ধ, তাদের গ্রেফতার এবং পার্বত্য চট্টগ্রামে গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করার জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।